দৈনিক বাংলা

তারিখ 22 DEC 1988
পৃষ্ঠা 1 কলাম ৪



# ঢাকা ভার্সিটি শিক্ষক সমিতি নির্বাচনে নীল প্যানেল জয়ী

(স্টাফ রিপোর্টার)

ঢাকা: বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নির্বাচনে দুটি সদস্যপদ ছাড়া সকল পদে নীল প্যানেলের প্রার্থীরা বিজয়ী হয়েছেন। ডঃ মোহাম্মদ মনিরুজ্জামান সমিতির নতুন সভাপতি এবং ডঃ এম এ মান্নান সাধারণ সম্পাদক নির্বাচিত হন।

গতকাল বিশ্ববিদ্যালয় ক্লাবে এ নির্বাচন অনুষ্ঠিত হয়। নির্বাচনে নীল, সাদা ও গোলাপী—এ তিনটি প্যানেল প্রতিদ্বন্দ্বিতা করে। গোলাপী প্যানেল দুটি

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## ঢাকা ভার্সিটি

(১ম পৃঃ পর)

সদস্যপদ লাভ করেছে। তবে নীলের সঙ্গে সাদা প্যানেলেরই তীব্র প্রতিদ্বন্দ্বিতা হয়েছে।

শিক্ষক সমিতির নবনির্বাচিত কর্মকর্তারা হচ্ছেন—সভাপতিঃ প্রফেসর মোহাম্মদ মনিরুজ্জামান (প্রাপ্ত ভোট ২৮৬), সহসভাপতি জনাব এটি এম জহুরুল হক (৩৪৭), কোষাধ্যক্ষঃ প্রফেসর মোহাম্মদ মোহাব্বত খান (২৯৫) সাধারণ সম্পাদকঃ ডক্টর এম এ মান্নান (২৮৪) ও যুগ্ম সম্পাদক ডক্টর এস এম ইমামুল হক (২৭৭)।

সদস্য পদে নির্বাচিত হয়েছেনঃ ডঃ আবু বকর সিদ্দীক, প্রফেসর এম আমিনুল ইসলাম, ডঃ এম মোস্তফা চৌধুরী, প্রফেসর খন্দকার বজলুল হক, প্রফেসর মু, আখতারুজ্জামান, প্রফেসর মহিবুর রহমান, প্রফেসর শাহাদত আলী, প্রফেসর সুলতানা শফি, প্রফেসর আবদুল মমিন চৌধুরী এবং প্রফেসর কে এ এম সাদউদ্দিন। শেষোক্ত দুজন ছাড়া নির্বাচিত সকল কর্মকর্তা এবং সদস্য নীল প্যানেলের। প্রফেসর মমিন চৌধুরী ও প্রফেসর সাদউদ্দিন গোলাপী প্যানেলের প্রার্থী ছিলেন।

সভাপতি পদে সাদা প্যানেলের প্রফেসর ইয়াজউদ্দিন আহমেদ পেয়েছেন ২৭৮ ভোট, গোলাপী প্যানেলের প্রফেসর কাজী জাকের হোসেন ১৩৮ ভোট পেয়েছেন। সহ-সভাপতি পদে সাদা প্যানেলের প্রফেসর নুরুল হক চৌধুরীর প্রাপ্ত ভোট ১৯৪, গোলাপীর প্রফেসর মোহাম্মদ আবদুল মালেক ১৫৮ ভোট। কোষাধ্যক্ষ পদে সাদা প্যানেলের ডঃ শামসুল আলম তালুকদার ২৫২ ভোট, গোলাপী প্যানেলের ডঃ জিয়াউশ শামস এম এম হক ১৫৪, সাধারণ সম্পাদক পদে সাদা প্যানেলের প্রফেসর আনোয়ার উল্লাহ চৌধুরী ২৭৭, গোলাপী প্যানেলের ডঃ হারুন অর রশীদ ১৪০ এবং যুগ্ম সম্পাদক পদে সাদা প্যানেলের ডঃ সাঈদ-উর রহমান ২৫৪ ও গোলাপী প্যানেলের জনাব মোহাম্মদ কমরুজ্জামান ১৫৬ ভোট পেয়েছেন।

প্রায় এক হাজার ভোটের মধ্যে নির্বাচনে [illegible]২৩টি ভোট পড়েছে। ভোট বাতিল হয়েছে [illegible]২৩টি। সর্বোচ্চ ভোট পেয়েছেন সদস্য পদে নির্বাচিত সমিতির [illegible] সভাপতি প্রফেসর এম আমিনুল ইসলাম (৩৩৫)। সবচেয়ে কম ভোট পেয়েছেন প্রফেসর সাদউদ্দিন (২[illegible])।